দৈনিক বাংলা

৫৬

তারিখ 12 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষকদের প্রতি আহ্বান

# শিক্ষার মান উন্নত করতে হবে ঃ বি চৌধুরী

জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী শিক্ষার মান উন্নত করতে শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন।

সংসদ উপনেতা বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় আয়োজিত দেড়মাসব্যাপী কলেজ শিক্ষকদের প্রাণিবিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য বিবরণীর।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহাম্মদ আবদুল বারীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে কোর্স সমন্বয়কারী ডঃ মোবারক আলী আখন্দ এবং ডঃ এস এম আবু রায়হান বক্তব্য রাখেন।

সংসদ উপনেতা বলেন, শিক্ষার উঁচু-মান বজায় রাখা বিশেষ করে বর্তমান বিশ্বের উন্নত দেশসমূহের শিক্ষার সাথে আমাদের দেশের শিক্ষার সমমান বজায় রাখতে শিক্ষক সমাজকে সচেষ্ট থাকতে হবে। তিনি শিক্ষার উঁচুমান বজায় রাখার জন্য শিক্ষক প্রশিক্ষণের উপর জোর দেন।

সংসদ উপনেতা বলেন, ভবিষ্যতের প্রয়োজনে আমাদের দেশের গতানুগতিক শিক্ষাব্যবস্থা যথেষ্ট নয়। তিনি শিক্ষাব্যবস্থার উন্নয়নে শিক্ষকদের এক বিরাট দায়িত্ব রয়েছে বলে উল্লেখ করেন। শিক্ষাদানে নতুন ও আকর্ষণীয় পদ্ধতি উদ্ভাবন করে শিক্ষা গ্রহণে ছাত্রদেরকে উদ্বুদ্ধ করার জন্য তিনি শিক্ষকদের প্রতি আহবান জানান।

অধ্যাপক চৌধুরী বলেন, বর্তমান সরকার দেশে শিক্ষার মান উন্নয়নের ব্যাপারে সচেষ্ট রয়েছে। তিনি সরকারের এ প্রচেষ্টাকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকল মহলের এগিয়ে আসার উপর গুরুত্বারোপ করেন।

সভাপতির বক্তৃতায় ভিসি আবদুল বারী সীমিত সুযোগ-সুবিধার মধ্যে প্রশিক্ষণার্থীদেরকে যথাযথ গুরুত্ব সহকারে প্রশিক্ষণ গ্রহণের আহবান জানান।